

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়  
হিসাব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
[www.cga.gov.bd](http://www.cga.gov.bd)

নং-০৭.০৩.০০০০.০০১.০৩.২৭১ (খন্ড-২).১৯-৩৮৯৯

তারিখ : ১৬/০৬/২০১৯ খ্রিঃ।

**অফিস আদেশ**


অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয় কর্তৃক অডিট এন্ড একাউন্টস্ বিভাগের বিভিন্ন স্তরে প্রশাসনিক বিকেন্দ্রীকরণের অংশ হিসেবে প্রশাসনিক/আর্থিক বিষয়সমূহ হিসাবরক্ষণ সার্কেলসমূহের প্রধান এবং অন্যান্য বিভাগীয় প্রধান পর্যায়ে নিষ্পত্তি হওয়া সংক্রান্ত বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের স্মারক নং-সিএজি/রি-অর্গান(এনজিই-২)/ডিওএফপি/পার্ট-১/৩৫৭/১২২৩, তারিখঃ ২৭/০৫/২০১৯ খ্রিঃ এর পরিপত্রটি পৃষ্ঠাংকন করা হলো।

উক্ত পরিপত্রের মাধ্যমে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন দপ্তরে কর্মরত গ্রেড-৬ হতে গ্রেড-২০ পর্যন্ত কর্মকর্তা/কর্মচারীগণের পিআরএল এবং পেনশন মঞ্জুরীর ক্ষমতা হিসাব মহানিয়ন্ত্রক মহোদয় এর নিকট অর্পন করা হয়েছে। সে মোতাবেক গ্রেড-৬ হতে গ্রেড-২০ পর্যন্ত কর্মকর্তা/কর্মচারীগণের পিআরএল এবং পেনশন মঞ্জুরীর আবেদন প্রেরণ করার সময় নিম্নোক্ত বিষয়গুলো প্রতিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১. পিআরএল এবং পেনশনের আবেদন হিসাব মহানিয়ন্ত্রক বরাবর প্রেরণ করতে হবে।
২. পেনশন ফরমের পৃষ্ঠা-২ এ বরাবর, হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা হবে।
৩. পেনশন ফরমের পৃষ্ঠা-৫ এ দপ্তর প্রধানের স্থানে সিএও/ডিএসিএ/অন্যান্য কর্তৃপক্ষ সুপারিশ করতঃ স্বাক্ষর করবেন।

এতৎসংক্রান্ত পরিপত্রটি নিম্নোক্ত কার্যালয়সমূহে পৃষ্ঠাংকন করা হলোঃ

- ০১। সিজিএ মূল কার্যালয়ের কর্মকর্তা (সকল)।
- ০২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ০৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল)।
- ০৪। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ০৫। পিএস টু সিজিএ।
- ০৬। পিএ টু অতিঃ সিজিএ (প্রশাসন/হিসাব ও পদ্ধতি)
- ০৭। অফিস কপি।

  
(মোহাম্মদ জাহাঙ্গীর আলম খান রানা)  
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)  
ফোনঃ ৯৩৫৬৫০৯।

